

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস আইসিডি
কমলাপুর, ঢাকা

নথি নং- ৫কাস (১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পাট-১/

তারিখ : /০৩/২০২০।

“অফিস আদেশ”

রাজস্ব প্রশাসনে গতিশীলতা আনয়ন, ব্যবসা-বান্ধব পরিবেশ সৃষ্টি ও সরকারের রাজস্ব সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে আইসিডি কমলাপুর, ঢাকায় নিম্নরূপ কর্মকর্তাগণের সমন্বয়ে Unstaffing শাখা প্রতিষ্ঠা করে দায়িত্ব পালনের নিদর্শনা প্রদান করা হল :

দল	কর্মকর্তার নাম ও পদবী	কমিটিতে অবস্থান
	জনাব মোহাম্মদ নাহিদুল্লাহ উপ কমিশনার	দলনেতা
	জনাব মোঃ দিলদার হোসেন ভূঁইয়া সহকারী কমিশনার (চলতি দায়িত্ব)	উপ দলনেতা
'ক'	জনাব এ.বি.এম রেজাউল হক রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব)	সদস্য
	জনাব ইয়াকুত জাহিদ সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য
	জনাব নাজমা সুলতানা সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য
	জনাব পলাশ কুমার মল্লিক সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য
'খ'	জনাব সুব্রত চন্দ্র সরকার সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য
	জনাব মোহাম্মদ আব্দুল কাদির সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য
	জনাব মোঃ ইমরান কবীর সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য
	জনাব আশরাফুল আলম সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য
	জনাব মুহাম্মদ শাহাবুদ্দিন মজুমদার সহকারী রাজস্ব কর্মকর্তা	সদস্য

কার্যক্রমঃ

ক) পণ্যচালান শুক্রায়ন সম্পন্ন হওয়ার পর আমদানিকারক/ তাঁর প্রতিনিধি কর্তৃক শুদ্ধ করা দি পরিশোধের পর ASYCUDA World হতে জারিকৃত রিলিজ অর্ডারের ভিত্তিতে আমদানি সংশ্লিষ্ট দলিলাদি বন্দর কর্তৃপক্ষের নিকট দাখিল করবে। বন্দর কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত দলিলাদি কাস্টম হাউজের আনস্টাফিং শাখার দায়িত্ব প্রাপ্ত উপ/সহকারী কমিশনারের নিকট উপস্থাপন করতে হবে।

খ) বন্দর কর্তৃপক্ষের নিকট পণ্য খালাসের অনুমতি প্রাপ্তির পর Unstaffing শাখার দায়িত্ব প্রাপ্ত উপ/সহকারী কমিশনারের মনোনীত রাজস্ব/সহকারী রাজস্ব কর্মকর্তা ASYCUDA World System-এ Exit Note তৈরির জন্য প্রয়োজনীয় Entry প্রদান করবেন। Exit Note-এ ট্রাক নম্বর সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এন্ট্রি করবেন।

গ) System হতে প্রাপ্ত Exit note, বন্দর কর্তৃপক্ষের ছাড়পত্র এবং শুক্রায়ন সংশ্লিষ্ট দলিলাদির ভিত্তিতে Container থেকে পণ্যসমূহ সংশ্লিষ্ট ট্রাকে খালাসের সময় Unstaffing শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তা পরীক্ষা করবেন। পরীক্ষাকালে ইনভয়েন্স, প্যাকিং লিস্ট অনুযায়ী যথাযথ পরিমাণে পণ্য ব্যতীত অতিরিক্ত কোন পণ্য পাওয়া গেলে সেটি তাৎক্ষণিকভাবে আটক করে Unstaffing শাখার দায়িত্বপ্রাপ্ত উপ/সহকারী কমিশনার এর নজরে আনতে হবে। ট্রাকে পণ্য বোঝাইয়ের সময় পণ্যচালান সংশ্লিষ্ট কন্টেইনার নম্বর মিলিয়ে নিশ্চিত হতে হবে।

ঘ) পণ্যচালান খালাসের সময় দায়িত্বপ্রাপ্ত রাজস্ব/সহকারী রাজস্ব কর্মকর্তা শুদ্ধায়িত পণ্যের ইনভয়েস, বি/এল, প্যাকিং লিস্ট, কায়িক পরীক্ষা প্রতিবেদন এবং শিপিং দলিলে সংশ্লিষ্ট শুদ্ধায়নকারী কর্মকর্তাদের নামীয় সীল রয়েছে কিনা সেটি যাচাই করবেন। এক্ষেত্রে ASYCUDA World System-এ তথ্যের সাথে সঠিকতা যাচাই করতে হবে। দাখিলকৃত দলিলাদির সাথে পণ্যচালানে কোন গরমিল পাওয়া গেলে তা তাত্ক্ষণিকভাবে আটক করতে হবে এবং Unstaffing শাখার দায়িত্ব প্রাপ্ত উপ/সহকারী কমিশনারের নজরে আনতে হবে।

ঙ) পণ্যচালানসমূহ বি/এল, ইনভয়েস, প্যাকিং লিস্ট ও কায়িক পরীক্ষা প্রতিবেদন (যদি থাকে) অনুযায়ী সঠিক প্রাপ্তি সাপেক্ষে Unstaffing এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা Exit Note-এর উপর “পরীক্ষা করে সঠিক পাওয়া গেল” মর্মে নামীয় সীল ও স্বাক্ষর প্রদানপূর্বক পণ্যচালান ছাড়ের ব্যবস্থা নিবেন।

চ) গেইটের দায়িত্ব প্রাপ্ত সহকারী রাজস্ব কর্মকর্তা Exit Note-এ Unstaffing শাখার কর্মকর্তার সীল স্বাক্ষর যাচাইপূর্বক সেখানে উল্লিখিত ট্রাক নম্বর অনুযায়ী ট্রাকগুলোকে বন্দর ত্যাগের অনুমতি প্রদান করবেন। কার্যক্রম শেষে তিনি Exit Note-এ প্রয়োজনীয় সীল স্বাক্ষর প্রদানপূর্বক Unstaffing শাখার উপ/সহকারী কমিশনার বরাবর প্রেরণ করবেন।

ছ) দায়িত্বপ্রাপ্ত উপ/সহকারী কমিশনার নিয়মিত তাঁদের কার্যক্রমের তথ্যাদি কমিশনার-কে অবহিত করবেন।

১৪৭:

মোহাম্মদ নাহিদুল্লাহ
উপ কমিশনার
কমিশনারের পক্ষে
ফোন: ০২-৪৮৩১৩৮৪৩।

নথি নং- ৫কাস (১৫)ইটি/অ:আ:/কা:হা: আইসিডি/২০১১/পার্ট-১/

তারিখ : /০৩/২০২০।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। অতিরিক্ত/যুগ্ম কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০২। সিস্টেম এনালিস্ট, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০৪। রাজস্ব/সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০৫। পিএটু কমিশনার, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। নোটিশ বোর্ড, কাস্টম হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ০৭। অফিস কপি।

১/০৩/২০২০
মোহাম্মদ নাহিদুল্লাহ
উপ কমিশনার